বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
প্রশাসন শাখা
www.bari.gov.bd
জয়দেবপুর, গাজীপুর-১৭০১

স্মারক নম্বর: ১২.২১.০০০০.০০৫.৯৯.০১৫.২১.৪০৭ তারিখ: ২৫ চৈত্র ১৪২৭
০৮ এপ্রিল ২০২১

বিষয়: **বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এর আওতায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট অবসর ভাতা তহবিল ব্যবস্থাপনা কমিটি'র ১১তম সভার কার্যবিবরণীটি Endorse করণ প্রসঙ্গে।**

কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এর আওতায় গঠিত 'বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট অবসর ভাতা তহবিল ব্যবস্থাপনা কমিটি' মহোদয়ের সভাপতিত্বে ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :-


৮-৪-২০২১
মো: মাহমুদুল হাসান
সিনিয়র সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)

প্রধান কার্যালয়ের সকল উইং/শাখা/বিভাগ/কেন্দ্র/উপ-কেন্দ্রের পরিচালকবৃন্দ ও উপ-পরিচালকবৃন্দ

স্মারক নম্বর: ১২.২১.০০০০.০০৫.৯৯.০১৫.২১.৪০৭/১ তারিখ: ২৫ চৈত্র ১৪২৭
০৮ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (চলতি দায়িত্ব), গবেষণা উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
২) পরিচালক , সেবা ও সরবরাহ উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
৩) পরিচালক (চলতি দায়িত্ব), প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
৪) পরিচালক (চলতি দায়িত্ব), পরিকল্পনা ও মূল্যায়ন উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
৫) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
৬) উপপরিচালক (চলতি দায়িত্ব), অর্থ ও হিসাব শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
৭) সিনিয়র সহকারী পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
৮) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), সংগ্রহ ও ভান্ডার শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
৯) হিসাব রক্ষণ কর্মকর্তা, বেনিফিট সেল, অর্থ ও হিসাব শাখা, বারি, জয়দেবপুর, গাজীপুর
১০) একান্ত সচিব, মহাপরিচালক মহোদয়ের কার্যালয়, বারি, জয়দেবপুর, গাজীপুর
১১) মাস্টার ফাইল
১২) সংশ্লিষ্ট নথি।



৮-৪-২০২১

মো: মাহমুদুল হাসান

সিনিয়র সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)

কৃষিই সমৃদ্ধি

## বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
## গাজীপুর-১৭০১

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এর আওতায় 'বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট অবসর ভাতা তহবিল ব্যবস্থাপনা কমিটি'র ১১তম সভার কার্যবিবরণী

০২-০৩-২০২১খ্রি. রোজ মঙ্গলবার দুপুর ২-৩০ ঘটিকায় 'বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট অবসর ভাতা তহবিল ব্যবস্থাপনা কমিটি'র ১১তম সভা ড. মোঃ নাজিরুল ইসলাম, মহাপরিচালক এবং চেয়ারম্যান, বা,কৃ,গ,ই, কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এর আওতায় গঠিত 'বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট অবসর ভাতা তহবিল ব্যবস্থাপনা কমিটি' মহোদয়ের সভাপতিত্বে ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন:

| ক্র/নং | নাম | পদবী | | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | ড. মোঃ নাজিরুল ইসলাম | মহাপরিচালক | চেয়ারম্যান | |
| ২. | ড. মোঃ তারিকুল ইসলাম | পরিচালক (গবেষণা) | সদস্য | |
| ৩. | ড. এস. এম. শরিফুজ্জামান | পরিচালক (সেবা ও সরবরাহ) | সদস্য | |
| ৪. | ড. মুহাম্মদ সামসুল আলম | পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) | সদস্য | |
| ৫. | ড. মোঃ ফারুক হোসেন | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | সদস্য | |
| ৬. | জনাব মোঃ ইউনুস আলী | উপ-পরিচালক (সংগ্রহ ও ভান্ডার) | সদস্য | |
| ৭. | জনাব মোঃ মাহমুদুল হাসান | সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) | সদস্য | |
| ৮. | জনাব মোঃ আব্দুল মোতালেব | বৈজ্ঞানিক সহকারী | সদস্য | |
| ৯. | জনাব মোঃ সাইফুল ইসলাম | উচ্চমান সহকারী | সদস্য | |
| ১০. | জনাব মোঃ নিজাম উদ্দিন ভূঁইয়া | অফিস সহায়ক | সদস্য | |
| ১১. | জনাব মোঃ শাহ আলম মৃধা | উপ-পরিচালক (অর্থ ও হিসাব) | সচিব | |

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সচিব সভার আলোচ্যসূচী উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয়-১:** ১০ম সভার কার্যবিবরণী অনুমোদন

**আলোচোনা ও সিদ্ধান্তঃ** সচিব ১০তম সভার কার্যবিবরণী উপস্থিত সদস্যগণকে অবহিত করেন। ১০ম সভার সিদ্ধান্ত বাস্তবায়নে কারো কোন আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-২:** ০৬ (ছয়) জন কর্মকর্তা/কর্মচারী সর্বজনাব সৈয়দ মোশাররফ হোসেন, সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা(অবঃ), মোঃ সামসুল আলম সরকার, ম্যানেজার(অবঃ), ক্যাফেটারিয়া, মোঃ সিরাজদৌলা, প্রধান সহকারী- কাম- হিসাব রক্ষক, মোঃ মহিউজ্জুল্লাহ, সাঁট মুদ্রাক্ষরিক, মোঃ হাবিবুর রহমান, সিনিয়র ওয়েল্ডার, মোঃ মাহাতাব উদ্দিন, উচ্চমান সহকারী- সিপিএফ হতে বা,কৃ,গ,ই কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা,২০০১ এর অন্তর্ভুক্তি করণের আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

**আলোচনাঃ** বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা,২০০১ প্রবর্তনের সময় বরখাস্তকৃত/বাধ্যতামূলক অবসরপ্রদানকৃত যাদের চাকরি পরবর্তীতে পূর্ণবহাল হয়েছে- এ রকম ৬(ছয়) জন কর্মকর্তা/কর্মচারী সর্বজনাব সৈয়দ মোশাররফ হোসেন, সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা(অবঃ), মোঃ সামসুল আলম সরকার, ম্যানেজার(অবঃ), ক্যাফেটারিয়া, মোঃ সিরাজদৌলা, প্রধান সহকারী -কাম- হিসাব রক্ষক, মোঃ মহিউজ্জুল্লাহ, সাঁট মুদ্রাক্ষরিক,

মোঃ হাবিবুর রহমান, সিনিয়র ওয়েল্ডার, মোঃ মাহাতাব উদ্দিন, উচ্চমান সহকারী- সিপিএফ হতে বা,কৃ,গ,ই কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা,২০০১ এর অন্তর্ভূক্তির জন্য আবেদন করেছেন।

ডিসেম্বর ২০, ২০০১খ্রি. বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা,২০০১ প্রবর্তন হয় এবং ০৯-০১-২০০২খ্রি. বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা,২০০১ এর ৯(১)(খ) ধারা অনুযায়ী সকল কর্মকর্তা/কর্মচারীকে অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি পাইবার ইচ্ছা প্রকাশ করে গেজেট প্রকাশের ১ মাসের মধ্যে অপশন প্রদানের জন্য পরিপত্র জারী করা হয়। সংশ্লিস্ট কর্মকর্তা/কর্মচারীগণ ০৮-০৯-১৯৯৮ ও ২০-০৯-১৯৯৮খ্রি. চাকরি হতে সাময়িক বরখাস্ত এবং ২৮-০৪-১৯৯৯খ্রি. বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান করা হয় বিধায় উক্ত কর্মকর্তা/কর্মচারীগণ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা,২০০১ এর ৯(১)(খ) ধারা অনুযায়ী ইচ্ছা প্রকাশ বা অপশন প্রদানের সুযোগ পান নাই। পরবর্তীতে তাঁরা ০৪-০৩-২০১০খ্রি. চাকরীতে পুনর্বহাল হয়েছেন। চাকরীতে পুনর্বহাল হওয়ার পর তাঁরা বা,কৃ,গ,ই কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা,২০০১ এর অন্তর্ভূক্তি করণের জন্য আবেদন করেন। উল্লেখিত ০৬ (ছয়) জন কর্মকর্তা/কর্মচারীকে উক্ত প্রবিধানমালার অধীন পেনশন স্কীমের অন্তর্ভূক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ প্রবর্তনের সময় বরখাস্তকৃত/বাধ্যতামূলক অবসরপ্রদানকৃত যাদের চাকরি পরবর্তীতে পুর্ণবহাল হয়েছে- এ রকম ৬(ছয়) জন কর্মকর্তা/কর্মচারী সর্বজনাব সৈয়দ মোশাররফ হোসেন, সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা(অবঃ), মোঃ সামসুল আলম সরকার, ম্যানেজার(অবঃ), ক্যাফেটারিয়া, মোঃ সিরাজদৌলা, প্রধান সহকারী -কাম- হিসাব রক্ষক, মোঃ মহিউচ্ছুল্লাহ, সাঁট মূদ্রাক্ষরিক, মোঃ হাবিবুর রহমান, সিনিয়র ওয়েল্ডার, মোঃ মাহাতাব উদ্দিন, উচ্চমান সহকারী- সিপিএফ হতে বা,কৃ,গ,ই কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা,২০০১ এর অন্তর্ভূক্তির লক্ষে মন্ত্রণালয়ের সম্মতির জন্য একটি প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সুপারিশ করা হয়।

কার্য সম্পাদন:
জনাব মোঃ মাহমুদুল হাসান
সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (চ.দা.),
বারি, গাজীপুর।

**আলোচ্য বিষয়-৩:** জনাব কাজী মোঃ সাদিকুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক (প্রঃ), প্রশাসন শাখা, বারি, গাজীপুর, সিপিএফ হতে বা,কৃ,গ,ই কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা,২০০১ এর অন্তর্ভূক্তি করণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

**আলোচনাঃ** জনাব কাজী মোঃ সাদিকুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক (প্রঃ), প্রশাসন শাখা, বারি, গাজীপুর। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা,২০০১ প্রবর্তনের সময় অবলুপ্ত বিএআই বর্তমানে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে কর্মরত ছিলেন। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে কর্মরত থাকা অবস্থায় তিনি পেনশন স্কীমের অন্তর্ভূক্তির জন্য শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে অপশন প্রদান করেন কিন্তু বিএআরআই কর্তৃপক্ষ কর্তৃক তাঁর আপসন গ্রহণ না করে তাঁর আবেদন ফেরত প্রদান করেন। পরবর্তীতে তিনি যথাযথ সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষিতে বিএআরআই-এ যোগদান করেন রায় মোতাবেক তিনি সকল আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন এবং বকেয়া বেতন ভাতাদি সহ সকল সুবিধা গ্রহণ করেন। সকল সুবিধাসহ বিএআরআই-এ যোগদান করলে তাঁকে আর পেনশন স্কীমের অন্তর্ভূক্ত করা হয় নাই। বর্তমানে পেনশন বইয়ে তাঁর নাম না থাকার কারনে পেনশন প্রদানও সম্ভব হচ্ছে না। তিনি ডিসেম্বর ২০২০খ্রি. চাকরী হতে পূর্ণ অবসর গ্রহণ করেছেন। তাঁর সিপিএফ হতে বা,কৃ,গ,ই কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা,২০০১ এর অন্তর্ভূক্তি করণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** জনাব কাজী মোঃ সাদিকুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক (প্রঃ), প্রশাসন শাখা, বারি, গাজীপুর। বা,কৃ,গ,ই, কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা,২০০১ পেনশন স্কীমের অন্তর্ভূক্ত করার লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।

কার্য সম্পাদন:
জনাব মোঃ মাহমুদুল হাসান
সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (চ.দা.),
বারি, গাজীপুর।

বিবিধ: পেনশন তহবিলের বর্তমান স্থিতি এবং তহবিলের অর্থ বিনিয়োগ সংক্রান্ত:

**আলোচনা:** পেনশন তহবিলের বর্তমান স্থিতি এবং তহবিলের অর্থ বিনিয়োগের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** পেনশন তহবিলের বর্তমান স্থিতি এবং তহবিলের অর্থ বিনিয়োগ সংক্রান্ত তথ্যাদি পরবর্তী সভায় পেশ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

কার্য সম্পাদন:
জনাব মোঃ শাহ আলম মৃধা
উপ-পরিচালক (অর্থ ও হিসাব) (চ.দা.)
বারি, গাজীপুর।

আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/০৩/২২

(মোঃ শাহ আলম মৃধা)
উপ-পরিচালক (অর্থ ও হিসাব)
ও
সচিব, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এর আওতায় 'তহবিল ব্যবস্থাপনা কমিটি'

২৪/০৩/২২

(ড. মোঃ নাজিরুল ইসলাম)
মহাপরিচালক
ও
চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এর আওতায় 'তহবিল ব্যবস্থাপনা কমিটি'

স্মারক নং- ১২.২১.০০০০.০০৬.৬৪.০০৮.২০/৬২৯৮ তারিখঃ- ২৪/০৩/২২

বিতরন:

১। ড. মোঃ নাজিরুল ইসলাম, মহাপরিচালক, বারি, গাজীপুর।
২। ড. মোঃ তারিকুল ইসলাম, পরিচালক (গবেষণা), বারি, গাজীপুর।
৩। ড. এস. এম. শরিফুজ্জামান, পরিচালক (সেবা ও সরবরাহ), বারি, গাজীপুর।
৪। ড. মুহাম্মদ সামসুল আলম, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ), বারি, গাজীপুর।
৫। ড. মোঃ কামরুল হাসান, পরিচালক (পরিকল্পনা ও মুল্যায়ন), বারি, গাজীপুর।
৬। ড. মোঃ ফারুক হোসেন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, গাজীপুর।
৭। জনাব মোঃ ইউনুস আলী, উপ-পরিচালক (সংগ্রহ ও ভান্ডার) (চ.দা.), বারি, গাজীপুর।
৮। জনাব মোঃ মাহমুদুল হাসান, সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (চ.দা.), বারি, গাজীপুর।
৯। জনাব মোঃ আব্দুল মোতালেব, বৈজ্ঞানিক সহকারী, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বারি, গাজীপুর।
১০। জনাব মোঃ সাইফুল ইসলাম, উচ্চমান সহকারী, পরিবহন শাখা, বারি, গাজীপুর।
১১। জনাব মোঃ নিজাম উদ্দিন ভূঁইয়া, অফিস সহায়ক, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, গাজীপুর।

অনুলিপিঃ

১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর।
২। সংশ্লিষ্ট নথি।

২৪/০৩/২২

(মোঃ শাহ আলম মৃধা)
উপ-পরিচালক (অর্থ ও হিসাব)
ও
সচিব, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এর আওতায় 'তহবিল ব্যবস্থাপনা কমিটি'